তারিখ JUL. 27 1999
পৃষ্ঠা ৭২ কলাম ৪

দৈনিক ইনকিলাব

50

জমিয়াতুল মোদারেছীন

# মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে আগামীকাল সিলেটে সমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন সিলেট বিভাগের উদ্যোগে আগামীকাল (বুধবার) বেলা ২টায় সিলেট পৌর পয়েন্টে এক বিশাল সমাবেশের আয়োজন করা হয়েছে। উক্ত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখবেন বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব মাওলানা এম এ লতিফ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখবেন বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের যুগ্ম মহাসচিব ও দৈনিক ইনকিলাবের নির্বাহী সম্পাদক মাওলানা রুহুল আমীন খান। উক্ত সমাবেশে ছাত্র, শিক্ষকসহ সকলকে যোগদানের আহবান জানানো হয়েছে।